

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৬১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যেসব জায়গায় রফ'ঊল ইয়াদাইন করার কথা বর্ণনা করলাম, সেসব জায়গায় কাঁধ পর্যন্ত রফ'ঊল ইয়াদাইন করা মুস্তাহাব

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمُصلِّي أَنْ يَكُونَ رَفْعُهُ يَدَيْهِ فِي الْمَوْضِعِ الَّذِي وَصَفْنَاهُ إِلَى الْمَنْكِبَيْنِ

## আরবী

1861 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ وَأَبُو الرَّبِيعِ النَّهْرَيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَنْ اللَّهُ عَنْ أَبِيهِ قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَنْ اللَّهُ عَنْ أَبِيهِ قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا افْتَتَحَ الصَّلَاةَ رَفَعَ يَدَيْهِ حَتَّى يُحَاذِي بِهِمَا مَنْكِبَيْهِ وَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ وَبَعْدَ مَا يَرْفَعُ رَأْسَهُ مِنَ الركوع ولا يرفع بين السجدتين.

الراوي: ابْن عُمرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1861 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (712)

## বাংলা

১৮৬১. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাছ আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম যখন সালাতের সূচনা করতেন, তখন কাঁধ বরাবর রফউল ইয়াদাইন করতেন। যখন তিনি রুকু'র জন্য তাকবীর দিতেন এবং রুকু' থেকে মাথা উত্তোলন করতেন, তখনও অনুরুপভাবে রফউল ইয়াদাইন করতেন, এবং বলতেন, غُمْ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ (আল্লাহ শ্রবণ করেন, যে তাঁর প্রশংসা করে। হে আমাদের প্রভু, আর আপনার জন্য সমস্ত প্রশংসা), আর তিনি সাজদা করার মাঝে এরকম (রফ'উল ইয়াদাইন) করতেন না।"[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৭৫; সহীহ আল বুখারী: ৭৩৫; আবূ দাউদ: ৭৪২; নাসাঈ: ২/১২২; দারেমী: ১/২৮৫;



তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২২৩; সুনান বাইহাকী: ২/৬৯; বাগাবী: ৫৫৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৫১৮; সহহি মুসলিম: ৩৯০; সহীহ ইবনু খুয়াইমাহ: ৪৫৬; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৭০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৩৪; ইবনুল জারূদ: ১৭৮; বাগাবী: ৫৬১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭১২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন